



বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো হচ্ছে যে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ পর্যায়ের অনলাইন কাউন্সেলিং'এর মাধ্যমে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের প্রথম সেমেস্টারের পঠনপাঠন আগামী শুক্রবার ৫ই জুলাই ২০১৯ থেকে শুরু হবে। ছাত্র-ছাত্রীদের ওই দিন সকাল ১০টায় মহাবিদ্যালয়ের ১০৩এ নং ঘরে উপস্থিত থাকতে অনুরোধ করা হচ্ছে। ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত তথ্যাদি-শংসাপত্রগুলির মূল ও একটি করে প্রত্যয়িত নকল সঙ্গে করে আনতে হবেঃ

- ১। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার মার্কশীট
- ২। জন্মতারিখের প্রমাণপত্র
- ৩। পশ্চিমবঙ্গ সরকার প্রদত্ত জাতিগত সংরক্ষণের শংসাপত্র (যদি প্রযোজ্য হয়)
- ৪। আবেদনকারীর স্বাক্ষর করা অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম (আবেদনপত্র)
- ৫। অ্যাপ্লিকেশন ও ভর্তি বাবদ অর্থ (অ্যাপ্লিকেশন ফী ও অ্যাডমিশন ফী) প্রদানের প্রমাণপত্র (চালান)
- ৬। বিদ্যা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত শেষ শংসাপত্র
- ৭। আবেদনকারী ও তার পিতা/মাতা/অভিভাবক দ্বারা স্বাক্ষরিত ১০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প কাগজে লিখিত র্যাগিং-বিরোধী হলফনামা (যার বয়ান মহাবিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়া আছে)
- ৮। আবেদনকারী ও তার পিতা/মাতা/অভিভাবক দ্বারা স্বাক্ষরিত ন্যূনতম উপস্থিতি-সম্পর্কিত হলফনামা (যার বয়ান মহাবিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়া আছে)



(Handwritten signature)

ভারপ্রাপ্ত অধ্যক্ষ।

Officer-in-Charge
Kabi Jagadram Roy Govt. General Degree College
Mejia-722143, Dist-Bankura, W.B.